# হবিগঞ্জ সদর উপজেলার আইন-শৃঙ্খলা কমিটির জুন,২০২২ মাসের সভার কার্যবিবরণী:

সভাপতি : নাজরাতুন নাঈম
উপজেলা নির্বাহী অফিসার(অ:দা:)
হবিগঞ্জ সদর, হবিগঞ্জ

সভার তারিখ : ২২ জুন ২০২২, সময় : বেলা ১০:৩০ ঘটিকা

সভার স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ

সভার হাজিরা : পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য

সভাপতি সভার শুরুতেই কমিটির সম্মানীত উপদেষ্টা মাননীয় সংসদ সদস্য,এডভোকেট মো: আবু জাহির মহোদয় এবং চেয়ারম্যান, উপজেলা পরিষদ জনাব মোতাচ্ছিরুল ইসলামসহ অংশগ্রহণকারী সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। পরে নিম্নে বর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্র:নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | দায়িত্ব |
|---|---|---|---|---|
| ০১ | বিগত সভার কার্যবিবরণী পাঠ | বিগত ১৬.০৫.২০২২ খ্রি: তারিখের সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। | বিগত সভার কার্য বিবরণীর ১৫ নং অনুচ্ছেদে "পৈল ইউপি চেয়ারম্যানকে নিয়মিত সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো" এর স্থলে "সকল ইউপি চেয়ারম্যানগণকে নিয়মিত সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো" মর্মে সংশোধনী সহ কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার, হবিগঞ্জ সদর |
| ০২ | সার্বিক আইন-শৃঙ্খলা | (১) জনাব আব্দুর রহমান, সদস্য, উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি, হবিগঞ্জ সদর বলেন, কয়েকদিন আগে পাইকপাড়ায় এক বিকাশের দোকানে বিকাশ করার পর তা নগদে পাঠানোর দাবীকে কেন্দ্র করে এক পিবিআই সদস্যের সাথে দোকানদারের কথা কাটাকাটি ও এক পর্যায়ে দোকানদারকে মারধর করায় এলাকাবাসী ক্ষিপ্ত হয়ে পিবিআই সদস্যের উপর চড়াও হয়। এ নিয়ে পুলিশ এসল্ট মামলা রুজু হয়েছে। এতে নিরীহ লোকদেরকে আসামীভুক্ত করা হয়েছে। উক্ত ঘটনার সুষ্ঠু ও নিরপেক্ষভাবে তদন্ত করার জন্য তিনি প্রস্তাব করেন।<br><br>(২) চেয়ারম্যান, ১ নং লোকড়া ইউপি বলেন, তার ইউনিয়নের যাদবপুর গ্রাম বন্যায় প্লাবিত হওয়ায় ১টি বৈদ্যুতিক খুঁটি হেলে পড়ায় ৩ দিন যাবৎ গ্রামটি বিদ্যুৎ বিচ্ছিন্ন অবস্থায় রয়েছে। এব্যাপারে দ্রুত ব্যবস্থা গ্রহণ করার জন্য প্রস্তাব করেন।<br><br>(৩) চেয়ারম্যান, ২ নং রিচি ইউপি বলেন, তার ইউনিয়নে বন্যায় অনেক ক্ষয়-ক্ষতি হয়েছে। শীঘ্রই তালিকা প্রস্তুত করে প্রেরণ করা হবে।<br><br>(৪) চেয়ারম্যান, ৩ নং তেঘরিয়া ইউপি বলেন, বন্যায় তার ইউনিয়নের রাস্তাঘাট সহ বাড়ি ঘর তলিয়ে গিয়েছে। তালিকা তৈরী করা হচ্ছে, দ্রুত তালিকা প্রেরণ করা হবে। | পাইকপাড়ায় সংঘটিত ঘটনায় রুজুকৃত মামলায় কোন নিরপরাধ ব্যক্তি যাতে হয়রানীর শিকার না হয় সেদিকে সতর্ক দৃষ্টি রেখে সুষ্ঠুভাবে তদন্তক্রমে আইনানুগ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | অফিসার ইনচার্জ, হবিগঞ্জ সদর মডেল থানা |
| | | (৫) জনাব আব্দুল মন্নান, চেয়ারম্যান, ৫ নং গোপায়া ইউপি বলেন, তার ইউনিয়নের | জুয়ারিদের বিরুদ্ধে আইনানুগ পদক্ষেপ গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | অফিসার ইনচার্জ, হবিগঞ্জ সদর মডেল |

| | | | | |
|---|---|---|---|---|
| | | কয়েকটি স্থানে জুয়ার আসর বসে। পুলিশের বিট অফিসার জুয়ারিকে নিয়ে মোটর সাইকেলে ঘুরে বেড়ায়। এটা কাম্য নয়। পুলিশকে জুয়ার খবর দেয়া হলে পুলিশ যাওয়ার আগেই জুয়ারিরা পালিয়ে যায়। তিনি জুয়ারীদের বিরুদ্ধে কঠোর আইনানুগ পদক্ষেপ গ্রহণ করার জন্য প্রস্তাব করেন।<br>(৬) চেয়ারম্যান, ৪ নং পৈল ইউপি বিগত সভাগুলোতে উপস্থিত থাকতে না পারায় দুঃখ প্রকাশ করেন। তার ইউনিয়নের আইন-শৃঙ্খলা পরিস্থিতি ভালো মর্মে জানান।<br>(৭) উপজেলা শিক্ষা অফিসার,হবিগঞ্জ সদর বলেন, উপজেলা পর্যায়ে বালক/বালিকা খেলাধুলা প্রতিযোগিতা শেষ হয়েছে। উপজেলা থেকে ১টি করে বালক/বালিকা দল জেলা পর্যায়ের প্রতিযোগিতায় অংশ গ্রহণ করবে। এব্যাপারে সার্বিক সহযোগিতা কামনা করেন। | | থানা |
| | | (৮) উপজেলা যুব উন্নয়ন অফিসার,হবিগঞ্জ সদর বলেন, ১৮-৩৫ বছর বয়সী যুব ও যুবতীদের বিভিন্ন কোর্সে প্রশিক্ষণ কর্মসূচি গ্রহণ করা হয়েছে। উক্ত প্রশিক্ষণ সমাপ্ত করলে তারা স্বাবলম্বী হতে পারবে। উক্ত প্রশিক্ষণ গ্রহণে আগ্রহীদের নির্ধারিত সময়ের মধ্যে উক্ত অফিসে আবেদন করার ব্যবস্থা গ্রহণ করার জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান।<br>(৯) জনাব মো: ইয়াছিন আরাফাত রানা, সহকারী কমিশনার (ভূমি), হবিগঞ্জ সদর বলেন, গোপায়া ইউনিয়নে ২জন জুয়ারিকে মোবাইল কোর্টের মাধ্যমে সাজা দেয়া হয়েছে। তিনি বলেন, শায়েস্তানগর এলাকায় অবৈধ দোকানপাট উচ্ছেদের নিমিত্তে সড়ক ও জনপথ এবং পৌরসভার সমন্বয়ে যৌথভাবে অভিযান পরিচালনা করা হবে। তাছাড়া পৈল আশ্রয়ণ প্রকল্পের জমি নিয়ে সৃষ্ট সমস্যা ইউপি চেয়ারম্যানসহ সংশ্লিষ্ট সকলকে নিয়ে আলোচনার মাধ্যমে সমাধান করা হয়েছে। | ১৮-৩৫ বছর বয়সী যুব ও যুবতীদের বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণে অংশ গ্রহণে ব্যাপক প্রচারণার সিদ্ধান্ত গৃহীত হয়। | ইউপি চেয়ারম্যান (সকল), হবিগঞ্জ সদর |
| | | (১০) জনাব গোলাম মর্তুজা,ওসি, হবিগঞ্জ সদর মডেল থানা বলেন, মে, ২০২২ মাসে অত্র থানায় খুন-২,ধর্ষণ-২, সিঁধেল চুরি-১, মাদক আইনে ১০, অন্যান্য খাতে ১৪ মোট ২৯ টি মামলা রুজু হয়েছে।<br>তিনি বলেন, পাইকপাড়ায় পিবিআই সদস্যের সাথে বিকাশ ব্যবসায়ীর সাথে সংঘটিত ঘটনাটি অনাকাঙ্খিত। এ বিষয়ে থানায় এসল্ট মামলা রুজু হয়েছে। ইহা উর্ধ্বতন কর্তৃপক্ষের নজরে আছে। নিরপরাধ কোন ব্যক্তিকে উক্ত মামলায় হয়রানী করা হবে না। তিনি আরও বলেন, অপরাধীদের গ্রেফতার করার কৌশল হিসেবে পুলিশ | হবিগঞ্জ সদর উপজেলার সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে সর্বাত্মক প্রচেষ্টা অব্যাহত রাখা ও চুরি, ডাকাতি, মদ, গাঁজা ও জুয়াসহ বিভিন্ন অপরাধীদের বিরুদ্ধে কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | অফিসার ইনচার্জ, হবিগঞ্জ সদর মডেল থানা |

| | | | | |
|---|---|---|---|---|
| | | জুয়ারীর সাথে যোগাযোগ রাখতে হয়। তবে কোন পুলিশ সদস্য অপরাধের সাথে জড়িত হলে আইনানুগ পদক্ষেপ গ্রহণ করা হবে। তিনি বলেন, বন্যার কারণে দুর্যোগ শুরু হয়েছে। এ সময়ে চুরি,ডাকাতির করার আশঙ্কা রয়েছে। এব্যাপারে সকলকে সজাগ থাকার আহবান জানান। জুয়ারীদের বিরুদ্ধে অভিযান অব্যাহত আছে। | | |
| | | (১১) জনাব মাহবুবুর রহমান আউয়াল, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হবিগঞ্জ সদর বলেন, বন্যায় সদর উপজেলার ভাটি অঞ্চল প্লাবিত হয়েছে। বিশেষ করে গোপায়া, নিজামপুর ও লস্করপুর ইউনিয়নে অতি বৃষ্টির ফলে বিভিন্ন প্রকার শাক-সজির ব্যাপক ক্ষতি সাধিত হয়েছে। তাদের প্রণোদনার আওতায় আনার জন্য প্রস্তাব করেন। | | |
| | | (১২) জনাব ফেরদৌস আরা বেগম, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হবিগঞ্জ সদর বলেন, বন্যায় সদর উপজেলার যাদবপুর গ্রাম পানিতে তলিয়ে গেছে। ১টি মাত্র রাস্তা ভাসমান আছে উক্ত রাস্তায় অনেক লোক আশ্রয় নিয়েছে। যারা প্রকৃতপক্ষে ক্ষতিগ্রস্থ হয়েছে তাদের নির্ভুল তালিকা মেম্বারদের মাধ্যমে তৈরী করে উপজেলায় প্রেরণ করার প্রস্তাব করেন। তিনি ক্ষতিগ্রস্থদের প্রতি বিশেষভাবে নজর রাখার আহবান জানান। | | |
| | | (১৪) মাননীয় সংসদ সদস্য, হবিগঞ্জ-৩ বলেন, আইন-শৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখার জন্য ইউনিয়ন আইন-শৃঙ্খলা কমিটির মাসিক সভা নিয়মিতভাবে আহবান করে সভার কার্যবিবরণী উপজেলায় প্রেরণ করার জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। | ইউনিয়ন আইন-শৃঙ্খলা কমিটির মাসিক সভা নিয়মিতভাবে আহবান করে সভার কার্যবিবরণী উপজেলায় প্রেরণ করা এবং উপজেলা আইন-শৃঙ্খলা কমিটির সভায় নিয়মিতভাবে উপস্থিত থাকার সিদ্ধান্ত গৃহীত হয়। | ইউপি চেয়ারম্যান (সকল), হবিগঞ্জ সদর |
| | | তিনি বলেন, পাইকপাড়ায় বিকাশ ব্যবসায়ীর সাথে পিবিআই সদস্যের ঘটনাটি অনাকাঙ্খিত। পিবিআই এর কর্মকর্তা বিকাশ ব্যবসায়ীর সাথে খারাপ ব্যবহার করেছেন, এজন্য এলাকাবাসী চড়াও হয়। কোন সরকারি কর্মকর্তা বা পুলিশের সাথে খারাপ আচরণ করা যেমন সঠিক নয় তেমনি কোন সাধারণ লোকের সাথেও খারাপ আচরণ করা ঠিক নয়। অন্যায়কারী যেই হোক তাকে সমর্থণ করা যায় না। তিনি বলেন, পুলিশ এবং জনগণের সম্পর্ক হবে বন্ধুত্বপূর্ণ। এ সম্পর্ক বজায় রেখে কাজ করলে পরিবেশ বিঘ্ন হওয়ার সম্ভাবনা থাকবে না। তিনি পিবিআই, র‍্যাব ও ট্রাফিক/হাইওয়ে পুলিশকে আইন-শৃঙ্খলা কমিটির সদস্য হিসেবে কো-অপ্ট করার পরামর্শ প্রদান করেন। | পিবিআই কর্তৃক পাইকপাড়াবাসীদের বিরুদ্ধে রুজুকৃত মামলাটি সুষ্ঠ ও নিরপেক্ষভাবে তদন্ত করে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>৯ নভেম্বর ২০২১ তারিখের সভায় র‍্যাবের প্রতিনিধি ও ট্রাফিক ইন্সপেক্টরকে সদস্য হিসেবে কো-অপ্ট করা হয়েছে। পিবিআই এর ১জন প্রতিনিধিকে উপজেলা আইন-শৃঙ্খলা কমিটির সদস্য হিসেবে কো-অপ্ট করার সিদ্ধান্ত গৃহীত হয়। | অফিসার ইনচার্জ, হবিগঞ্জ সদর মডেল থানা<br><br>পুলিশ সুপার,পিবিআই, হবিগঞ্জ |

| | | | | |
|---|---|---|---|---|
| | | তিনি বলেন, বন্যায় সময়ে কিছু মানুষ চুরি,ডাকাতির সুযোগ নেয়। তাই চোর ডাকাতদের বিরুদ্ধে সজাগ থাকার আহবান জানান। | চোর,ডাকাতদের ব্যাপারে সজাগ থাকা ও তাদের বিরুদ্ধে আইনানুগ পদক্ষেপ গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ইউপি চেয়ারম্যান (সকল), হবিগঞ্জ সদর/ অফিসার ইনচার্জ, হবিগঞ্জ সদর মডেল থানা |
| | | তিনি আরও বলেন, বন্যার পানি বৃদ্ধির সম্ভবনা রয়েছে। যে সকল রাস্তা পানিতে তলিয়ে গিয়েছে সে সকল রাস্তা সরেজমিনে পরিদর্শন করে ক্ষয়-ক্ষতির তালিকা প্রস্তুত করার জন্য উপজেলা প্রকৌশলীকে নির্দেশনা প্রদান করেন। | বন্যায় ক্ষতিগ্রস্থ রাস্তাগুলো সরেজমিনে পরিদর্শনপূর্বক তালিকা প্রস্তুত করতে হবে। | উপজেলা প্রকৌশলী, হবিগঞ্জ সদর |
| | | চোর ও মোটর সাইকেল চোরদের আইনের আওতায় আনার জন্য ওসি হবিগঞ্জ সদর মডেল থানাকে নির্দেশনা প্রদান করেন। তিনি বলেন, কর্মকর্তা ও জনপ্রতিনিধিগণ একটি পরিবার। সকলে মিলে মিশে টিম ওয়ার্ক হিসেবে কাজ করলে এলাকার উন্নয়ন হবে। সমন্বয় সাধন ও আলোচনার মাধ্যমে অনেক সমস্যার সমাধান করা যায়। তাই সকলের মধ্যে সমন্বয় সাধন প্রয়োজন। | চোর ও মোটর সাইকেল চোরদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে। | অফিসার ইনচার্জ, হবিগঞ্জ সদর মডেল থানা |
| | | (১৫) সভাপতি বিগত মাসের কর্মদক্ষতায় শ্রেষ্ঠ ওসি হিসেবে মনোনীত হওয়ায় ওসি হবিগঞ্জ সদর মডেল থানাকে এ ফোরামের পক্ষ হতে অভিনন্দন জানান। তিনি বলেন, সামনে ঈদুল আজহা। তাই বন্যা পরিস্থিতির সাথে ঈদ উদযাপনে সকলের সহযোগিতা কামনা করেন। তিনি আরও বলেন, কোভিড-১৯ এর সংক্রমণ বৃদ্ধি পাচ্ছে,তাই স্বাস্থ্যবিধি মেনে চলার বিষয়ে জনসচেতনা বৃদ্ধি করার জন্য ইউপি চেয়ারম্যানসহ সকলকে অনুরোধ জানান। তিনি নিয়মিতভাবে ইউনিয়ন আইন-শৃঙ্খলা কমিটির সভা করে সভার কার্যবিবরণী প্রেরণ এবং উপজেলা কমিটির সভায় উপস্থিত থাকার জন্যও ইউপি চেয়ারম্যান গণকে অনুরোধ জানান। | কোভিড-১৯ এর সংক্রমণ প্রতিরোধে স্বাস্থ্যবিধি মেনে চলা ও মাস্ক পরিধান করার বিষয়ে জনসচেতনতা বৃদ্ধি করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>নিয়মিত ইউনিয়ন আইন-শৃঙ্খলা কমিটির সভা আয়োজন করে সভার কার্যবিবরণী প্রেরণ করা এবং উপজেলা আইন-শৃঙ্খলা কমিটির সভায় নিয়মিতভাবে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | ইউপি চেয়ারম্যান (সকল)/বিভাগীয় প্রধান(সকল)হবিগঞ্জ সদর<br><br>ইউপি চেয়ারম্যান (সকল), হবিগঞ্জ সদর |
| | | তিনি গ্রাম আদালতের মে, ২০২২ মাসের মামলার তথ্য নিম্নে ছক মোতাবেক উপস্থাপন করেন। এতে দেখা যায়, লুকড়া ইউনিয়নে ০১, রিচি ইউনিয়নে ০৬, তেঘরিয়া ইউনিয়নে ০৪, পৈল ইউনিয়নে ০২, গোপায়া ইউনিয়নে ০৩, রাজিউড়া ইউনিয়নে ০২ ও লস্করপুর ইউনিয়নে ০১ সর্বমোট ১৯টি মামলা অনিস্পন্ন অবস্থায় আছে। | অনিস্পন্ন মামলাগুলো বিধি মোতাবেক দ্রুত নিস্পত্তি করার কার্যক্রম গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ইউপি চেয়ারম্যান (সকল), হবিগঞ্জ সদর |

ছক

| ইউনিয়নের নাম | গ্রাম আদালতের মোট সংখ্যা | পূর্ববর্তী মাসের মামলার জের | বিবেচ্য মাসে দায়ের কৃত মামলার সংখ্যা | মোট মামলার সংখ্যা | বিবেচ্য মাসে নিস্পত্তিকৃত মামলার সংখ্যা | অনিস্পন্ন মামলার সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| লুকড়া | ০১ | ০১ | - | ০১ | - | ০১ | |
| রিচি | ০১ | ০৮ | - | ০৮ | ২ | ০৬ | |

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| তেঘরিয়া | ০১ | ০৬ | - | ০৬ | ২ | ০৪ | |
| পৈল | ০১ | ০২ | - | ০২ | - | ০২ | |
| গোপায়া | ০১ | ০৩ | - | ০৩ | - | ০৩ | |
| রাজিউড়া | ০১ | ০২ | - | ০২ | - | ০২ | |
| নিজামপুর | ০১ | - | - | - | - | - | |
| লস্করপুর | ০১ | ০১ | - | ০১ | - | ০১ | |
| মোট = | ০৮ | ২৩ | - | ২৩ | ০৪ | ১৯ | |

সভায় অন্য কোন আলোচনার বিষয় না থাকায় উপস্থিত সকলকে আন্তরিক ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২২/০৬/২২

নাজরাতুন নাঈম
উপজেলা নির্বাহী অফিসার(অ:দা:)
ও
সভাপতি
উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি
হবিগঞ্জ সদর, হবিগঞ্জ

স্মারক নং-০৫.৪৬.৩৬৪৪.০০১.০৪.০১১.২০২২- ৪৫০

তারিখ: ২২ জুন ২০২২

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে:

০১। মাননীয় সংসদ সদস্য, হবিগঞ্জ-৩
০২। জেলা প্রশাসক, হবিগঞ্জ
০৩। পুলিশ সুপার, হবিগঞ্জ
০৪। পুলিশ সুপার,পিবিআই,হবিগঞ্জ
০৫। অধিনায়ক, র‌্যাব, হবিগঞ্জ
০৬। চেয়ারম্যান,উপজেলা পরিষদ, হবিগঞ্জ সদর, হবিগঞ্জ
০৭। মেয়র, হবিগঞ্জ পৌরসভা।
০৮। নির্বাহী প্রকৌশলী, বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, সিনিয়র জেনারেল ম্যানেজার, হবিগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি, শায়েস্তাগঞ্জ, হবিগঞ্জ
০৯। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হবিগঞ্জ সদর, হবিগঞ্জ
১০। সহকারী কমিশনার(ভূমি), হবিগঞ্জ সদর, হবিগঞ্জ
১১। অফিসার ইনচার্জ, হবিগঞ্জ সদর মডেল থানা, হবিগঞ্জ
১২। জনাব ............................................ সদস্য(সকল),উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি, হবিগঞ্জ সদর, হবিগঞ্জ
১৩। ....................................................

২২/০৬/২২

নাজরাতুন নাঈম
উপজেলা নির্বাহী অফিসার(অ:দা:)
ও
সভাপতি
উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি
হবিগঞ্জ সদর, হবিগঞ্জ

## পরিশিষ্ট 'ক'

### হবিগঞ্জ সদর উপজেলা আইন-শৃঙ্খলা কমিটির ২২-০৬-২০২২ খ্রিঃ তারিখের সভায় উপস্থিতির তালিকা :

(স্বাক্ষরের ক্রমানুসারে)

| ক্রমিক নং | নাম | পদবী | স্বাক্ষরিত |
|---|---|---|---|
| ০১ | জনাব মাহবুবুর রহমান আউয়াল | ভাইস চেয়ারম্যান,উপজেলা পরিষদ,হবিগঞ্জ সদর | |
| ০২ | জনাব ফেরদৌস আরা বেগম | মহিলা ভাইস চেয়ারম্যান,উপজেলা পরিষদ,হবিগঞ্জ সদর | |
| ০৩ | জনাব মো: আফতাব উদ্দিন | উপজেলা শিক্ষা অফিসার, হবিগঞ্জ সদর | |
| ০৪ | জনাব মো: সাইফুল ইসলাম সিদ্দিকী | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, হবিগঞ্জ সদর | |
| ০৫ | জনাব মো: জিয়া উদ্দিন | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, হবিগঞ্জ সদর | |
| ০৬ | জনাব মো: তানজিন আহমেদ | টি আই, আনসার ও ভিডিপি অফিস,হবিগঞ্জ সদর | |
| ০৭ | জনাব শামীমা বেগম | প্রতিনিধি, উপজেলা প: প: অফিস,হবিগঞ্জ সদর | |
| ০৮ | ডা: মো: ইমরানুল হক তালুকদার | মেডিকেল অফিসার,উপ: স্বাস্থ্য ও প:প: অফিস,হবি: সদর | |
| ০৯ | জনাব মো: হাছিনুর রহমান তালুকদার | উপজেলা যুব উন্নয়ন অফিসার, হবিগঞ্জ সদর | |
| ১০ | জনাব মো: মাহবুবুল হক | প্রতিনিধি, উপজেলা কৃষি অফিসার,হবিগঞ্জ সদর | |
| ১১ | জনাব মো: নাঈম সৌরভ | উপসহকারী প্রকৌশলী,বিএডিসি(সেচ),হবিগঞ্জ সদর | |
| ১২ | জনাব মোহাম্মদ জাহান | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার,হবিগঞ্জ সদর | |
| ১৩ | জনাব মো: সাকিব-উল-হাফিজ | উপজেলা প্রকৌশলী,এলজিইডি,হবিগঞ্জ সদর | |
| ১৪ | জনাব আব্দুর রহিম | চেয়ারম্যান, ২ নং রিচি ইউপি,হবিগঞ্জ সদর | |
| ১৫ | জনাব এম এ মোতালিব | চেয়ারম্যান, ৩ নং তেঘরিয়া ইউপি,হবিগঞ্জ সদর | |
| ১৬ | জনাব মো: কায়সার রহমান | চেয়ারম্যান, ১ নং লোকড়া ইউপি,হবিগঞ্জ সদর | |
| ১৭ | জনাব মো: সফর আলী | সদস্য, উপজেলা আইন শৃঙ্খলা কমিটি, হবিগঞ্জ সদর | |
| ১৮ | জনাব মো: আব্দুল মন্নান | চেয়ারম্যান, ৫ নং গোপায়া ইউপি,হবিগঞ্জ সদর | |
| ১৯ | জনাব আঞ্জুমান আরা বেগম | প্রধান শিক্ষক,আইডিয়াল হাইস্কুল,ভাদৈ,হবিগঞ্জ সদর | |
| ২০ | জনাব নুসরাত আল-ফাতদি জাহান | তথ্য সেবা কর্মকর্তা,তথ্যআপা,হবিগঞ্জ সদর | |
| ২১ | জনাব সৈয়দ মঈনুল হক | চেয়ারম্যান, ৪ নং পৈল ইউপি,হবিগঞ্জ সদর | |
| ২২ | জনাব গোলাম মোর্তুজা | ওসি, হবিগঞ্জ সদর মডেল থানা, হবিগঞ্জ | |
| ২৩ | জনাব আব্দুর রহমান | সদস্য, উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি, হবিগঞ্জ সদর | |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
হবিগঞ্জ সদর,হবিগঞ্জ
www.habiganjsadar.habiganj.gov.bd

স্মারক নং- ০৫.৪৬.৩৬৪৪.০০১.০৮.০১০.২০২২- ৬৫৬(৬০)

তারিখঃ ১১ মে ২০২২

বিষয় ঃ **উপজেলা আইন- শৃঙ্খলা কমিটির সভা অনুষ্ঠান প্রসংগে।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, হবিগঞ্জ সদর উপজেলার মে, ২০২২ মাসের উপজেলা আইন-শৃঙ্খলা কমিটির সভা আগামী ১৬ মে ২০২২ তারিখ রোজ সোমবার বেলা ১০:৩০ ঘটিকায় নিম্নস্বাক্ষরকারীর সভাপতিত্বে উপজেলা পরিষদ সভাকক্ষে অনুষ্ঠিত হবে। উক্ত সভায় মাননীয় সংসদ সদস্য, এডভোকেট মোঃ আবু জাহির মহোদয় উপস্থিত থাকার সদয় সম্মতি জ্ঞাপন করেছেন।

উক্ত সভায় যথা সময়ে উপস্থিত হয়ে সভার কার্যক্রমে অংশগ্রহণের জন্য অনুরোধ করা হলো। সভার কার্যপত্র আগামী ১৫ মে ২০২২ তারিখের মধ্যে এ কার্যালয়ে হার্ডকপি ও সফটকপি ই-মেইলে (unohabiganj@mopa.gov.bd) প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

১১/৫/২২
নাজরাতুন নাঈম
উপজেলা নির্বাহী অফিসার(অ:দা:)
হবিগঞ্জ সদর,হবিগঞ্জ
unohabiganj@mopa.gov.bd

বিতরণ ঃ

০১। সহকারী কমিশনার (ভূমি), হবিগঞ্জ সদর
০২। উপজেলা ---------------------------------------- অফিসার (সকল), হবিগঞ্জ সদর
০৩। অফিসার ইনচার্জ, সদর মডেল থানা, হবিগঞ্জ
০৪। চেয়ারম্যান -------------------------------------------- ইউনিয়ন পরিষদ (সকল), হবিগঞ্জ সদর
০৫। জনাব ---------------------------------------------------------------

অনুলিপি সদয় অবগতি/ কার্যার্থে প্রেরণ করা হলো :

০১। মাননীয় সংসদ সদস্য, হবিগঞ্জ-০৩
০২। জেলা প্রশাসক, হবিগঞ্জ
০৩। পুলিশ সুপার, হবিগঞ্জ
০৪। অধিনায়ক, র‍্যাব, হবিগঞ্জ ( তাঁর একজন প্রতিনিধি প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো)
০৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হবিগঞ্জ সদর, হবিগঞ্জ
০৬। নির্বাহী প্রকৌশলী, বিদ্যুৎ উন্নয়ন বোর্ড,হবিগঞ্জ ( তাঁর একজন প্রতিনিধি প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো)
০৭। জেনারেল ম্যানেজার, হবিগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি, শায়েস্তাগঞ্জ, হবিগঞ্জ (তাঁর একজন প্রতিনিধি প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো)
০৮। ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হবিগঞ্জ সদর, হবিগঞ্জ

১১/৫/২২
নাজরাতুন নাঈম
উপজেলা নির্বাহী অফিসার(অ:দা:)
হবিগঞ্জ সদর,হবিগঞ্জ
unohabiganj@mopa.gov.bd